দামুড়হুদার কার্পাসডাঙ্গা কলেজের সভাপতি হলেন মনিরুজ্জামান মনির

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা কলেজের গভর্নিং বডির সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি, সাবেক ইউপি চেয়ারম্যান, সমাজ সেবক মো.মনিরুজ্জামান মনির। এ মনোনয়ন দিয়েছেন বাংলাদেশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি ও কার্পাসডাঙ্গা কলেজের গর্ভনিং বডির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির বলেন, আমাকে যেহেতু কার্পাসডাঙ্গা কলেজের সভাপতি হিসেবে মনোনীত করেছেন আমি এই কলেজের শিক্ষার মানউন্নতি করতে যা যা করণীয় আপ্রাণ চেষ্টা করে যাব। সেই সাথে আমি যেন সততার সাথে দায়িত্ব পালন করতে পারি তার জন্য সকলের সহযোগিতা কামনা করছি।